গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
(উন্নয়ন শাখা)
www.rajshahidiv.gov.bd

## রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির এপ্রিল/২০২০ মাসের কার্যবিবরণী

**সভাপতি** : **মোঃ হুমায়ুন কবীর খোন্দকার**, বিভাগীয় কমিশনার, রাজশাহী
**সভার তারিখ ও সময়** : ২৯ এপ্রিল, ২০২০ খ্রি. সময়: বেলা ১১.১৫ টা
**সভার স্থান** : বিভাগীয় কমিশনার, রাজশাহীর সম্মেলন কক্ষ (জুম সফ্‌টওয়্যারের মাধ্যমে অনলাইনে)
**উপস্থিতি** : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সকলকে স্বাগত জানিয়ে জুম সফ্‌টওয়্যারের মাধ্যমে অনলাইনে রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভা শুরু করা হয়। সভাপতি চলমান করোনা পরিস্থিতিতে চিকিৎসা, ত্রাণ বিতরণ ও অন্যান্য কার্যক্রম বিষয়ে গৃহীত কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের জন্য দপ্তর প্রধানদের অনুরোধ জানান। সভাপতির নির্দেশক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি) গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। অত:পর বিভিন্ন দপ্তরের সাথে সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়:

| ক্র. নং | আলোচ্য সূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | বিগত সভার **কার্যবিবরণী** নিশ্চিতকরণ :<br>সভাপতি গত ১৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী আছে কিনা সে বিষয়ে সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন। কোন সংশোধনী না থাকায় উক্ত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | কোন সংশোধন না থাকায় গত ১৭ ফেব্রুয়ারি ২০ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী |
| ২ | **চলমান** করোনা **পরিস্থিতিতে চিকিৎসা** সংক্রান্ত:<br>সভায় জানানো হয়, রাজশাহী আইডি হাসপাতালে করোনা ভাইরাসে আক্রান্ত প্রথম ১ জন রোগী মৃত্যুবরণ করেছেন। কিন্তু তাকে ICU বা ভেন্টিলেশন সাপোর্ট দেয়া হয়নি। জেলা প্রশাসক, রাজশাহী জানান এ বিষয়ে নির্দেশনা থাকা সত্বেও রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে করোনা রোগীদের চিকিৎসা প্রদান করা হচ্ছে না। পরিচালক(স্বাস্থ্য), রাজশাহী বিভাগ জানান, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল কর্তৃপক্ষ এর জবাব দিতে পারবেন। সভায় করোনা রোগীদের যথাযথ চিকিৎসা সেবা প্রদানের উপর গুরুত্বারোপ করা হয়।<br>করোনা টেস্ট ডাবল শিফ্‌টে করার বিষয়ে আলোচনা হয়। পরিচালক(স্বাস্থ্য), রাজশাহী বিভাগ জানান, রাজশাহী বিভাগের বগুড়াতে দুই শিফ্‌টে করোনা টেস্ট করা হচ্ছে যা দ্রুত করোনা রোগী সনাক্তকরণে সহায়ক ভূমিকা রাখছে। রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ডাবল, এমনকি তিন শিফটে করোনা টেস্ট করা সম্ভব। এ বিষয়ে সভাপতি জানান পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল মোবাইল বার্তায় জানিয়েছেন ৩০শে এপ্রিল, ২০২০ তারিখ থেকে ডাবল শিফটে করোনা টেস্ট শুরু হবে। সভায় রাজশাহী বিভাগীয় শহর হিসেবে তিন শিফটে করোনা টেস্ট করা যেতে পারে মর্মে আলোচনা করা হয়।<br>রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল একটি নতুন PCR মেশিন স্থাপনের অগ্রগতির বিষয়ে অতিরিক্ত প্রকৌশলী(গণপূর্ত) সভায় জানান, উক্ত PCR মেশিন স্থাপনের কাজ দ্রুত গতিতে চলছে এবং এ সংক্রান্ত অন্যান্য জরুরি কাজও চলছে। সভায় দ্রুততম সময়ে নতুন PCR মেশিন স্থাপন ও পরীক্ষা শুরু করার বিষয়ে আলোচনা হয়।<br>জেলা প্রশাসক, পাবনা জানান, করোনা আক্রান্ত রোগীদের সেবা প্রদানের লক্ষ্যে পাবনাতে একটি হাসপাতাল প্রস্তুত করার জন্য পরিচালক(স্বাস্থ্য) ও সিভিল সার্জন পাবনা এর মধ্যে সমন্বয় থাকা দরকার। পরিচালক(স্বাস্থ্য), এ বিষয়ে জানান পাবনা সিভিল সার্জনের সাথে ইতোমধ্যে সমন্বয় হয়েছে। সভাপতি করোনা প্রাদুর্ভাব মোকাবেলায় সকলকে একযোগে প্রচেষ্টা চালিয়ে যাওয়ার আহ্বান জানিয়ে বলেন, প্রশাসনের পক্ষ থেকে প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট দেয়া হবে। | ১। করোনা রোগীর চিকিৎসার জন্য প্রয়োজনীয় ক্ষেত্রে হাসপাতালে ICU ও ভেন্টিলেশন সুবিধা প্রদান করার ব্যবস্থা নিবেন।<br>২। করোনা রোগীর স্যাম্পল ডাবল শিফটে টেস্ট করার ব্যবস্থা নিতে হবে। প্রয়োজনে তিন শিফটে টেস্ট করা যেতে পারে।<br>৩। রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে নতুন PCR মেশিন স্থাপন দ্রুততম সময়ে সম্পন্ন করতে হবে এবং কার্যক্রম শুরুর ব্যবস্থা নিতে হবে।<br>৪। পাবনায় করোনা চিকিৎসা কেন্দ্র প্রস্তুত করার জন্য সিভিল সার্জন পাবনার সাথে সমন্বয়ের মাধ্যমে পদক্ষেপ নিতে হবে। | ১। পরিচালক(স্বাস্থ্য), রাজশাহী বিভাগ<br>২। অধ্যক্ষ, রাজশাহী মেডিকেল কলেজ<br>৩। পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল<br>৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন<br>৫। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ |

| ক্র. নং | আলোচ্য সূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| ৩ | <u>ত্রাণ বিতরণ কার্যক্রম সংক্রান্ত:</u><br>করোনা প্রাদুর্ভাব মোকাবেলায় সুষ্ঠুভাবে ত্রাণ বিতরণের জন্য সভায় আলোচনা হয়। জেলা প্রশাসক, রাজশাহী জানান সিটি কর্পোরেশন ও রাজশাহী জেলার পৌর এলাকায় ১০ টাকা মূল্যের বিশেষ ও.এম.এস চাল বিতরণ চলছে। পূর্বের বরাদ্দের বিতরণ প্রায় শেষ পর্যায়ে বলে তিনি জানান। চলতি এপ্রিল মাসের বরাদ্দ বিতরণের জন্য কার্ড প্রস্তুত কার্যক্রম শেষ পর্যায়ে। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক জানান ২ লক্ষ ৩৫ হাজার মে.টন খাদ্য (ধান ও চাল) মজুদ রয়েছে। বিশেষ ও.এম.এস চালের বরাদ্দ ২৫০০ মে.টন চালের মধ্যে ৮০০ মে.টন চাউল লিফটিং করা হয়েছে। সিটি কর্পোরেশনের পৌর এলাকার ১৬টি ওয়ার্ডে বিতরণ করা হয়েছে। কার্ড বিতরণে কাউন্সিলররা অসহযোগিতা করছে মর্মে তিনি জানান। জেলা প্রশাসক, রাজশাহী জানান সিটি কর্পোরেশন কার্ড বিতরণ মনিটরিং করলে কাউন্সিলরগণ বিব্রত হন মর্মে প্রতীয়মান হয়। সভাপতি সিটি কর্পোরেশনের কাউন্সিলরদেরসহ কার্ড বিতরণের পরামর্শ প্রদান করেন।<br>সভাপতি দ্রুততম সময়ে বিশেষ ও.এম.এস এর চাল বিতরণের জন্য নির্দেশনা প্রদান করেন। কার্ড প্রস্তুতপূর্বক বিতরণ শেষ করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। ত্রাণ খাদ্যশস্য, নগদ অর্থ ও শিশুখাদ্যসহ খাদ্যবান্ধব কর্মসূচী, বিশেষ ও.এম.এস চাল সুষ্ঠুভাবে বিতরণের উপর গুরুত্বারোপ করা হয় এবং এ সম্পর্কে ত্রাণ ও খাদ্য সহায়তা বিতরণে অনিয়ম হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা করা হয়। | ১। রাজশাহী সিটি কর্পোরেশন ও পৌর এলাকায় বিশেষ ও.এম.এস এর চাল বিতরণের লক্ষ্যে দ্রুততম সময়ে কার্ড প্রস্তুতপূর্বক চাল বিতরণ করতে হবে। সিটি কর্পোরেশনের কাউন্সিলরদের উপস্থিতিতে কার্ড বিতরণ করতে হবে।<br>২। সর্বোচ্চ অগ্রাধিকার ও নীতিমালার ভিত্তিতে কার্ড প্রণয়ন করতে হবে।<br>৩। ত্রাণের বরাদ্দকৃত খাদ্য, নগদ অর্থ, শিশু খাদ্য সুষ্ঠুভাবে বিতরণ করতে হবে। খাদ্যবান্ধব কর্মসূচী, বিশেষ ও.এম.এস চালসহ অন্যান্য খাদ্য সহায়তা বিতরণ সুষ্ঠুভাবে করতে হবে। এ কার্যক্রমে কোন অনিয়ম হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন<br>২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল<br>৪। মেয়র(সকল), রাজশাহী বিভাগ |

| ক্র. নং | আলোচ্য সূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪ | <u>কৃষি সম্প্রসারণ অধিদপ্তর:</u><br>চলতি বোরো মৌসুমে এ বিভাগে ধান কর্তন কাজে শ্রমিক নিয়োগসহ কৃষির অন্যান্য বিষয় আলোচনা হয়। সভায় জানানো হয়, এ বিভাগে ৮ লক্ষ হেক্টর জমিতে ৩৪ লক্ষ মে.টন বোরো ধান, ২ লক্ষ ৫০ হাজার হেক্টর জমিতে ৭ লক্ষ ৫০ হাজার মে.টন আউশ ধান ও ১ লক্ষ ৪০ হাজার হেক্টর জমিতে ৫ লক্ষ মে.টন গম উৎপাদনের লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছে। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী ও বগুড়া অঞ্চল জানান যে, বোরো ধান কাটা শুরু হয়েছে। করোনা সংকটের কারণে ধান কাটায় শ্রমিকের অভাবে ধান কাটা কঠিন হয়ে পড়েছে। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী জানান যে, নাটোর ও নওগাঁ জেলায় ৩০/৩৫ হাজার শ্রমিক এসেছে। শ্রমিক সংকট মোকাবেলায় তিনি ভ্যান চালকসহ অন্যান্য খাতের শ্রমিকদের ধান কাটায় নিয়োজিত কাজে সহযোগিতার জন্য জেলা প্রশাসকদের অনুরোধ করেন। আউশ ধান ও পেঁয়াজ উৎপাদন বৃদ্ধির জন্য মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষিত প্রণোদনা অনুসারে কার্যক্রম চলছে। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল জানান যে, বোরো ধান কর্তন শুরু হয়েছে। প্রাকৃতিক কোন দুর্যোগ না হলে মে মাসের প্রথম সপ্তাহের মধ্যেই কৃষকের ঘরে ধান উঠবে। তিনি জানান সুনামগঞ্জ, কিশোরগঞ্জ হাওড় অঞ্চলে ৪৮৭৬ জন শ্রমিককে প্রেরণ করা হয়েছে। ধান কাটার জন্য ৫০% ভর্তুকিমূল্যে ১৩১টি হারভেস্টার এর মধ্যে ১০০টির অধিক মেশিন বিতরণ করা হয়েছে। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল জানান যে, ৭৩ হাজার হেক্টর জমিতে ৮ লক্ষ ৩০ হাজার মে.টন আম উৎপাদনের লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছে। সভায় আম উৎপাদন, বাজারজাতকরণ বিষয়ে আলোচনা করা হয়। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা আমপাড়ার জন্য টাইমিং(ক্যালেন্ডার) প্রণয়ন ও বাস্তবায়নের বিষয়ে পরামর্শ প্রদান করেন। বাইরে থেকে আম ব্যবসায়ী এলে লোকাল আড়তদারদের সাথে সংযোগ সাধনের জন্য সভাপতি জেলা প্রশাসকদের প্রতি অনুরোধ জানান। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ বলেন যে, আমের বাগানে কীটনাশক দিতে দেয়া হয়নি। শিলা বৃষ্টি না হলে ফলন ভাল হবে। পরিবহনের মাধ্যমে বিভিন্ন মোকামে আম প্রেরণের ব্যবস্থা নেয়া হবে। ধান কাটার জন্য বাইরে প্রেরিত শ্রমিকদেরকে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও এসপিদের সাথে যোগাযোগ ও আলোচনা করে ফেরত আনতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। দ্রুত বোরো ধান কর্তন করতে হবে। স্বাস্থ্য বিধি অনুসরণ করে ধান কাটায় শ্রমিক নিয়োগ করতে হবে।<br>২। ধান কাটার জন্য ভ্যানচালকসহ কর্মহীন অন্যান্য খাতের শ্রমিকদের নিয়োগ করতে হবে।<br>৩। আউশ উৎপাদনে এখন থেকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।<br>৪। হাওড় অঞ্চলে প্রেরিত ধান কাটার শ্রমিকদেরকে সংশ্লিষ্ট জেলায় জেলা প্রশাসক ও পুলিশ সুপারদের সাথে যোগাযোগ করে ফেরত আনার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫। জেলা প্রশাসকগণ কর্তৃক আম উৎপাদন, বাজারজাতকরণের জন্য আড়তদারদের সাথে আম ব্যবসায়ীদের মধ্যে সংযোগ করে দিতে হবে।<br>৬। আম পাড়ার জন্য টাইমিং(ক্যালেন্ডার) প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল<br>৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল |

| ক্র. নং | আলোচ্য সূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৫ | <u>অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ সংক্রান্ত:</u><br>আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল জানান যে, ক্ষুদ্র ও প্রান্তিক চাষীসহ অন্যান্য কৃষকদের নিকট হতে ন্যায্যমূল্যে ধান, চাল এবং গম ক্রয় করা হয়েছে। ধান, চাল এবং গম ক্রয় করার ক্ষেত্রে অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ অনুসরণ করা হচ্ছে। মাঠ পর্যায়ে জেলা প্রশাসকগণ এবং উপজেলা নির্বাহী অফিসারগণের সহযোগিতায় বোরো মৌসুমে ব্যাপকভাবে ধান কেনা হবে। চলতি বোরো সংগ্রহের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ১। ধান, চাল এবং গম ক্রয় করার ক্ষেত্রে অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ অনুসরণ করতে হবে।<br>২। নীতিমালা মোতাবেক ক্ষুদ্র ও প্রান্তিক চাষীসহ অন্যান্য কৃষকদের নিকট হতে ন্যায্যমূল্যে খাদ্যশস্য ক্রয় করতে হবে।<br>৩। চলতি বোরো সংগ্রহের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের চেষ্টা করতে হবে। | ১। জেলা প্রশাসক(সকল) রাজশাহী বিভাগ<br>২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী |
| ৬ | <u>সড়ক ও জনপথ বিভাগ সংক্রান্ত:</u><br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ জানান যে, ঢাকা থেকে এ বিভাগের সকল জায়গায় কাজ শুরু করার জন্য বলা হয়েছে।। পাবনা ব্যতীত অন্যান্য জেলায় সড়কের কাজ শুরু করা হয়েছে। তিনি আরো জানান যে, জেলা প্রশাসক, পাবনা কাজ করার অনুমতি প্রদান করেননি। সিরাজগঞ্জ জেলায় একটি সড়কের প্রকল্পের জমি অধিগ্রহণের জন্য জেলা প্রশাসক, সিরাজগঞ্জকে অনুরোধ করা হয়েছে। এছাড়া রাজশাহী জেলার গোদাগাড়ী ও দূর্গাপুরে স্থানীয় লোকদের কাজ করতে দেয়া হয়নি। এ বিষয়ে জেলা প্রশাসক, সিরাজগঞ্জ, পাবনা ও রাজশাহী এর সাথে সভায় আলোচনা করা হয়। শ্রমিকদের কাজ করার অনুমতি ও প্রকল্পের জমি অধিগ্রহণ কাজ শুরু করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। স্বাস্থ্য বিধি অনুসরণ করে শ্রমিকদের গাড়ী করে যাওয়া আসা ও কাজ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। রাজশাহী ও পাবনায় সড়ক ও জনপথের কাজ শুরু করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। সিরাজগঞ্জ জেলায় সড়কের প্রকল্পের জমি অধিগ্রহণ সম্পন্ন করতে হবে।<br>৩। স্বাস্থ্য বিধি অনুসরণ করে সড়কের কাজ অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন।<br>৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রংপুর জোন |
| ৭ | <u>গণপূর্ত বিভাগ:</u><br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রাজশাহী গণপূর্ত জোন জানান যে, রাজশাহীতে বঙ্গবন্ধু নভোথিয়েটারের কাজ শুরু করা যাচ্ছে না। কারণ এর শ্রমিকগণ নীলফামারী জেলা থেকে আসতে পারছে না। তিনি আরো জানান যে, শ্রমিকরা নভোথিয়েটার প্রকল্প এলাকার মধ্যে থেকে কাজ করবে। তিনি জেলা প্রশাসক, রাজশাহীকে নীলফামারী থেকে শ্রমিক আনার ব্যাপারে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। তিনি আরো জানান যে, পাবনার রূপপুর পারমানবিক প্রকল্পে কিছু ভবনে রাশিয়ানরা কাজ করতে পারছে না। তিনি জেলা প্রশাসক, পাবনাকে এ ব্যাপারে প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধ জানান। এ বিষয়ে সভায় সভাপতি জেলা প্রশাসক, পাবনা ও রাজশাহীর সাথে আলোচনা করেন। নভোথিয়েটারের শ্রমিকদের নীলফামারী থেকে আনয়ন করা ও স্বাস্থ্য বিধি অনুসরণ করে প্রকল্পের করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। জেলা প্রশাসক, পাবনাকে রূপপুর পারমানবিক প্রকল্পের পরিচালক ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রাজশাহী গণপূর্ত জোন এর সাথে আলাপ করে উক্ত প্রকল্পে রাশিয়ানদের কাজ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। রাজশাহী নভোথিয়েটারের শ্রমিকদেরকে নীলফামারী জেলা থেকে আনার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।<br>২। স্বাস্থ্য বিধি অনুসরণ করে শ্রমিকদেরকে প্রকল্প এলাকার মধ্যে থেকে কাজ করতে হবে।<br>৩। রূপপুর পারমানবিক প্রকল্পে রাশিয়ানদের কাজ করার বিষয়ে (প্রকল্প পরিচালকের সাথে আলাপ করে জেলা প্রশাসক, পাবনা ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রাজশাহী গণপূর্ত জোনকে) প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। জেলা প্রশাসক, রাজশাহী<br>২। জেলা প্রশাসক, পাবনা<br>৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী |

| ক্র. নং | আলোচ্য সূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৮ | প্রাণিসম্পদ বিভাগ:<br>বিভাগীয় উপপরিচালক, প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী সভায় জানান যে, করোনা পরিস্থিতিতে মন্ত্রণালয়ের পরামর্শে স্থানীয়ভাবে দুধ, ডিম বিক্রি করা হচ্ছে। সভায় তিনি আরো জানান যে, "পানির দামে দুধ বিক্রি হচ্ছে" মর্মে পত্রিকায় সংবাদ প্রকাশিত হয়েছে। এ বিষয়ে উপপরিচালক, প্রাণিসম্পদ জানান যে, সাংবাদিকদের প্ররোচনায় ত্রাণ পাওয়ার জন্য এ কাজটি করা হয়েছে। পোল্ট্রির দাম বৃদ্ধি, জয়পুরহাটে মুরগী পরিবহণে বাধা দেয়া, সিরাজগঞ্জ জেলায় মিষ্টির দোকান খুলতে দেয়া হয়নি মর্মে সভায় আলোচনা করা হয়। সভাপতি জেলা প্রশাসক, জয়পুরহাট ও সিরাজগঞ্জকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। ত্রাণ সামগ্রীর বিতরণের সাথে দুধ, ডিম দেয়া যায় কিনা সে বিষয়ে সভাপতি জেলা প্রশাসকদের দৃষ্টি আকর্ষণ করেন। | ১। করোনার প্রভাবে বিদ্যমান পরিস্থিতিতে পোল্ট্রি মুরগী, ডিম ও দুধ পরিবহণ ব্যবস্থা চালু রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। ত্রাণ সামগ্রী হিসেবে দুধ, ডিম বিতরণ করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। বিভাগীয় উপপরিচালক, প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী বিভাগ |
| ৯ | মৎস্য অধিদপ্তর:<br>উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ জানান যে, করোনার প্রভাবে মৎস্যের চাহিদা কমে যাওয়ায় মাছের বাজার স্বাভাবিক রাখার জন্য উপজেলা নির্বাহী অফিসারদের সহযোগিতায় কার্যক্রম চলছে। বেসরকারি হ্যাচারী রেনু উৎপাদন ও সরবরাহ স্বাভাবিক রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। বর্তমানে মৎস্য সেক্টরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় জানানো হয়। | ১। মাছের বাজার স্বাভাবিক রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। মাছের রেনু উৎপাদন ও সরবরাহ স্বাভাবিক রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ |
| ১০ | রাজশাহী ওয়াসা:<br>ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা সভায় জানান যে, করোনা পরিস্থিতিতে ওয়াসার পানি সরবরাহ স্বাভাবিক রয়েছে। | ওয়াসার পানি সরবরাহ স্বাভাবিক রাখতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা |

অত:পর জুম সফ্টওয়ারের মাধ্যমে অনলাইনে সভার আলোচনায় স্বত:স্ফুর্তভাবে অংশগ্রহণ করার জন্য সদস্যদের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২/৫/২০২০

মোঃ হুমায়ুন কবীর খোন্দকার
বিভাগীয় কমিশনার
রাজশাহী
ফোন:০৭২১-৭৭২২৩৩
email:divcomrajshahi@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
(উন্নয়ন শাখা)
www.rajshahidiv.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.০০০০.০০৮.১৩.০০১.১৯. ৩৯৪

তারিখঃ ১৯ বৈশাখ, ১৪২৭
০২ মে, ২০২০

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা
২. উপমহা পুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
৩. মহাপরিচালক, রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী
৪. মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী
৫. পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৬. ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা
৭. চেয়ারম্যান, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী
৮. প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিঃ, রাজশাহী
৯. প্রধান প্রকৌশলী, উত্তর পশ্চিমাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সপুরা, রাজশাহী
১০. বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া
১১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী বিভাগ, রাজশাহী
১২. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন
১৩. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রংপুর জোন
১৪. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
১৫. বিভাগীয় প্রকৌশলী (ফোন্স), বিটিসিএল, রাজশাহী বিভাগ, রাজশাহী
১৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ
১৭. পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী বিভাগ, রাজশাহী
১৮. পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী
১৯. জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
২০. অধিনায়ক, র‍্যাব-৫, রাজশাহী
২১. হাইওয়ে পুলিশ সুপার, বগুড়া অঞ্চল, বগুড়া
২২. প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী
২৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
২৪. জোনাল সেটেলমেন্ট অফিসার, রাজশাহী/পাবনা/বগুড়া
২৫. প্রধান প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী
২৬. সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী
২৭. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল
২৮. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল
২৯. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী
৩০. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী
৩১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন, রাজশাহী
৩২. যুগ্মপরিচালক (সার), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ
৩৩. যুগ্মপরিচালক (বীজ বিপণন), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ
৩৪. পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়, নিশিন্দা, উপশহর, বগুড়া
৩৫. জনাব মোঃ মাহবুবুর রহমান ফারুকী , এস্টেট এন্ড 'ল' অফিসার, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা জোন, এলেনবাড়ী, তেজগাঁও ,ঢাকা
৩৬. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৩৭. পরিচালক, বিএসটিআই, নওদাপাড়া, বাইপাস সড়ক, সপুরা, রাজশাহী
৩৮. পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বিভাগীয় কার্যালয়, রাজশাহী
৩৯. বিভাগীয় পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, রাজশাহী

৪০. অধ্যক্ষ, রাজশাহী মেডিকেল কলেজ
৪১. পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল
৪২. উপপরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
৪৩. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৪৪. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
৪৫. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
৪৬. উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
৪৭. উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
৪৮. যুগ্মপরিচালক, পরিসংখ্যান বিভাগ, রাজশাহী
৪৯. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী
৫০. উপকেন্দ্র প্রধান, বাংলাদেশ টেলিভিশন, রাজশাহী
৫১. প্রোগ্রাম অফিসার, ইউনিসেফ, রাজশাহী সার্কেল, রাজশাহী
৫২. সহকারী কমিশনার (নেজারত ও হিসাব), এ কার্যালয়
৫৩. বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, রাজশাহী (মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫৪. অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব/উন্নয়ন ও আইসিটি), রাজশাহী এর গোপনীয় সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য)

02/05/2020
(মোঃ তানভীর হোসেন)
সহকারী কমিশনার
ফোন: +৮৮০৭২১-৭৭০৯১৮
email: acdev_divcom@yahoo.com